রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

সোমবার, সেপ্টেম্বর ২৮, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**এম এস ডব্লিউ-১ শাখা**

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ৫ই আশ্বিন, ১৩৯৪/২২শে সেপ্টেম্বর, ১৯৮৭**

**নং এস,আর,ও ২০২-আইন/৮৭**—বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অধ্যাদেশ, ১৯৮৪ (১৯৮৪ সনের ৩৬ নং অধ্যাদেশ) এর ১৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকার সন্তুষ্ট হইয়া নিম্নবর্ণিত বিধিমালা জারী করিতেছে, যথাঃ—

**বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (উন্নয়ন বাজেটভুক্ত কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭**

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (উন্নয়ন বাজেটভুক্ত কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই নিয়োগ বিধিমালায় ঃ

(ক) "কেন্দ্র" বলিতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বুঝাইবে।

(খ) "কমিটি" বলিতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রথম বা দ্বিতীয় পদোন্নতি ও বাছাই কমিটি বুঝাইবে।

(গ) "তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে।

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে রেক্টর অথবা কেন্দ্র কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : ৬০ পয়সা

(ঙ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে।

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে।

(ছ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়/বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়/বোর্ডকে বুঝাইবে এবং সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়/বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ-ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়ঃ

শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে এ্যাড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই কেন্দ্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এ্যাজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কেন্দ্র কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে কেন্দ্র কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশী।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসীদের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন,

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপবিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না কেন্দ্রের আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|---|---|---|---|---|
| ১ | ক্যাফেটেরিয়া ম্যানেজার | অনুর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগ। | (ক) স্নাতক ডিগ্রী, বি, কম, অগ্রাধিকার পাইবে। (খ) হোটেল ম্যানেজমেন্টে সার্টিফিকেট/ক্যাটারিং অথবা পর্যটন ইন্‌স্টিটিউট হইতে ক্যাটারিং এ সার্টিফিকেট। |
| ২ | ইমাম | ঐ | ঐ | (ক) ফাজেল অথবা সমমানের পরীক্ষায় পাশ এবং কোন অনুমোদিত মাদ্রাসা হইতে কারী পাশ। কোরানে হাফেজ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩ | ক্যাটালগার | ঐ | ঐ | স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা পাশ। |
| ৪ | মুয়াজ্জিন | ঐ | ঐ | কারী পাশ সহ এক বৎসর মুয়াজ্জিন হিসাবে অভিজ্ঞতা। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ। |
| ৫ | ক্যাফেটেরিয়া হিসাব সহকারী/ক্যাসিয়ার/সুপারভাইজার/প্রকিউরমেন্ট সহকারী/গেস্ট হাউজ সুপারভাইজার/ডরমিটরি সুপারভাইজার। | ঐ | ঐ | উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ। |
| ৬ | গ্যারেজ ম্যাকানিক | ঐ | ঐ | (ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ। (খ) সরকার কর্তৃক অনুমোদিত ইন্‌স্টিটিউট হইতে অটোমোবাইল ট্রেড কোর্স পাশ। (গ) ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|---|---|---|---|---|
| ৭ | কুক | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগ। | ৮ম শ্রেণী পাশ। হোটেল বা রেস্তোরায় ৫ বৎসরের রান্না কাজের অভিজ্ঞতা। |
| ৮ | গেস্ট হাউজ এ্যাটেনডেন্ট/ক্লাব এ্যাটেনডেন্ট/ওয়েটার/সহকারী কুক/প্লাম্বার/কার্পেন্টার। | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবে। |
| ৯ | সহকারী ইলেকট্রিশিয়ান | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। সরকার কর্তৃক অনুমোদিত ইন্‌স্টিটিউট হইতে বৈদ্যুতিক ট্রেড কোর্স পাশ। ২ বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ১০ | মালী/সুইপার | ঐ | ঐ | (ক) স্বাক্ষর জ্ঞানসম্পন্ন সুস্থ স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১১ | গার্ড | ঐ | ঐ | (ক) ৮ম শ্রেণী পাশ।<br>(খ) সামরিক বাহিনী/পুলিশ/আনসার বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২ | গ্যারেজ হেলপার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, ইদ্রিস আলী**

উপ-সচিব(এম.এস.ডব্লিউ)

সংযোজনী 'ক'

## পি এ টি সি'র উন্নয়ন বাজেটভুক্ত পদের তালিকা

| ক্রমিক নং | পদের নাম। | পদের সংখ্যা। | বেতন স্কেল। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| | | | টাকা | |
| ১ | প্রধান শিক্ষক | এক | ৭৫০—১৫৫০ | প্রাথমিক বিদ্যালয়ের জন্য। |
| ২ | সহকারী শিক্ষক | চার | ৭০০—১৪১৫ | |
| ৩ | দপ্তরী/গার্ড | দুই | ৫৫০—৯৬৫ | |
| ৪ | ক্যাফেটেরিয়া ম্যানেজার | এক | ১০০০—২২৮০ | |
| ৫ | ইমাম | এক | ৮৫০—১৭০০ | |
| ৬ | ক্যাটালগার | চার | ৮৫০—১৭০০ | |
| ৭ | মুয়াজ্জিন | এক | ৭৫০—১৫৫০ | |
| ৮ | ক্যাফেটেরিয়া হিসাব সহকারী | এক | ৭০০—১৪১৫ | |
| ৯ | ক্যাফেটেরিয়া ক্যাশিয়ার | এক | ৭০০—১৪১৫ | |
| ১০ | ক্যাফেটেরিয়া সুপারভাইজার | দুই | ৭০০—১৪১৫ | |
| ১১ | ক্যাফেটেরিয়া প্রকিউরমেন্ট সহকারী | এক | ৭০০—১৪১৫ | |
| ১২ | ক্যাফেটেরিয়া হেড কুক | এক | ৭০০—১৪১৫ | |
| ১৩ | গেস্ট হাউস সুপারভাইজার | এক | ৭০০—১৪১৫ | |
| ১৪ | গ্যারেজ মেকানিক | এক | ৭০০—১৪১৫ | |
| ১৫ | ডমিটরি সুপারভাইজার | তিন | ৭০০—১৪১৫ | |
| ১৬ | ক্লাব এটেনডেন্ট | এক | ৫০০—৮৬০ | |
| ১৭ | ক্যাফেটেরিয়া কুক/ওয়েটার | বার | ৫০০—৮৬০ | |
| ১৮ | গেস্ট হাউজ এটেনডেন্ট | দুই | ৫০০—৮৬০ | |
| ১৯ | গ্যারেজ হেলপার | এক | ৫০০—৮৬০ | |

| ক্রমিক নং। | পদের নাম। | পদের সংখ্যা। | বেতন স্কেল। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ২০ | ক্যাম্পাস গার্ড | নয় | ৫০০—৮৬০ | |
| ২১ | সহকারী ইলেকট্রিশিয়ান | এক | ৫০০—৮৬০ | |
| ২২ | সুইপার | বার | ৫০০—৮৬০ | |
| ২৩ | মালি | চার | ৫০০—৮৬০ | |
| ২৪ | প্লাম্বার | দুই | ৫০০—৮৬০ | |
| ২৫ | কারপেন্টার | দুই | ৫০০—৮৬০ | |

মোট ৭১ (একাত্তর) টি পদ

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।